

☰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৭৪

📖 আরবি মূল আয়াত:

مِنْ دُونِ اللَّهِ ۚ قَالُوا ضَلُّوا عَنَّا بَل لَّمْ نَكُنْ نَدْعُوا مِنْ قَبْلُ شَيْئًا ۚ
كَذَلِكَ يُضِلُّ اللَّهُ الْكٰفِرِينَ ﴿٧٤﴾

📖 অনুবাদসমূহ:

আল্লাহ ছাড়া? তারা বলবে, 'তারা তো আমাদের কাছ থেকে উধাও হয়ে গেছে', বরং এর পূর্বে আমরা কোন কিছুকে আহ্বান করিনি। এভাবেই আল্লাহ কাফিরদেরকে পথভ্রষ্ট করেন। — আল-বায়ান

আল্লাহকে বাদ দিয়ে? (উত্তরে) তারা বলবে- তারা আমাদের কাছ থেকে উধাও হয়ে গেছে। না, আমরা আগে (যার অস্তিত্ব আছে এমন) কোন কিছুকেই ডাকিনি। এভাবে আল্লাহ কাফিরদেরকে পথভ্রষ্ট হওয়ার সুযোগ দেন। — তাইসিরুল

আল্লাহ ব্যতীত? তারা বলবেঃ তারাতো আমাদের নিকট হতে অদৃশ্য হয়েছে, বস্তুতঃ পূর্বে আমরা এমন কিছুকেই আহ্বান করিনি। এভাবে আল্লাহ কাফিরদের বিভ্রান্ত করেন। — মুজিবুর রহমান

Other than Allah?" They will say, "They have departed from us; rather, we did not used to invoke previously anything." Thus does Allah put astray the disbelievers. — Sahih International

৭৪. আল্লাহ ছাড়া? তারা বলবে, তারা তো আমাদের কাছ থেকে উধাও হয়েছে(১); বরং আগে আমরা কোন কিছুকে ডাকিনি। এভাবে আল্লাহ কাফিরদেরকে বিভ্রান্ত করেন।

(১) অর্থাৎ জাহান্নামে পৌঁছে মুশরিকরা বলবে, আমাদের উপাস্য প্রতিমা ও শয়তান আজ উধাও হয়ে গেছে। অর্থাৎ আমাদের দৃষ্টিগোচর হচ্ছে না, যদিও তারা জাহান্নামের কোন কোণে পড়ে আছে। তারাও যে জাহান্নামেই থাকবে, এ সম্পর্কে অন্য এক আয়াতে বলা হয়েছেঃ (إِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ حَصَبُ جَهَنَّمَ أَنْتُمْ لَهَا وَارِدُونَ) [সূরা আল-আম্বিয়াঃ ৯৮]।

তফসীরে জাকারিয়া

(৭৪) আল্লাহকে ছেড়ে? [1] ওরা বলবে, 'ওরা তো আমাদের নিকট থেকে অদৃশ্য হয়েছে; [2] বরং পূর্বে আমরা এমন কিছুকে আহ্বান করিনি, যার কোন সত্তা ছিল। [3] এভাবে আল্লাহ অবিশ্বাসীদেরকে বিভ্রান্ত করে থাকেন। [4]

